গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.doe.gov.bd

নং-২২.০২.০০০০.০০৭.২৭.০০৩.২৫-২৮৬/২

০৭ বৈশাখ ১৪৩২
তারিখ ------------------
২০ এপ্রিল ২০২৫

## সাময়িক বরখাস্ত আদেশ

যেহেতু জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পরিদর্শক, পরিবেশ অধিদপ্তর, রাঙ্গামাটি জেলা কার্যালয়, রাঙ্গামাটি (প্রাক্তন পরিদর্শক, মানিকগঞ্জ জেলা কার্যালয়, মানিকগঞ্জ) এর বিরুদ্ধে মানিকগঞ্জ জেলা কার্যালয়ে কর্মকালীন জনৈক শহীদুল ইসলাম (শাহজাহান), বলধারা, সিংগাইর, মানিকগঞ্জ এর নিকট হতে অর্থ গ্রহণের অভিযোগ পাওয়া গিয়েছে;

যেহেতু, তাঁর বিরুদ্ধে একটি ইটভাটার মালিকের কাছ থেকে ঘুষ গ্রহণের বিষয় উল্লেখ করে গত ২৮.০১.২০২৫ তারিখে 'দৈনিক কালবেলা' পত্রিকায় 'পরিবেশ অধিদপ্তরের পরিদর্শকের ঘুষ লেনদেনের অডিও ফাঁস' এবং 'দৈনিক যুগান্তর' পত্রিকায় 'মানিকগঞ্জে ঘুষ নিয়ে ইটভাটার লাইসেন্স নবায়ন' শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে এবং তাঁর একটি ইটভাটার মালিকের কাছ থেকে ঘুষ গ্রহণ ও তা ফেরত দেওয়ার কথোপকথনের অডিও রেকর্ড সামাজিক ও অন্যান্য মাধ্যমে ব্যাপকভাবে প্রচারিত হয়েছে;

যেহেতু, তিনি মানিকগঞ্জ জেলাধীন সিংগাইর উপজেলার বলধারা ইউনিয়নে অবস্থিত 'মেসার্স রাকমান ব্রিকস' নামক ইটভাটার অনুকূলে পরিবেশগত ছাড়পত্র নবায়ন প্রদানের নিমিত্ত প্রদত্ত পরিদর্শন প্রতিবেদন এবং উক্ত ইটভাটাসহ আরও দুইটি ইটভাটার বিরুদ্ধে অভিযোগের ভিত্তিতে করা সমন্বিত পরিদর্শন প্রতিবেদনে 'মেসার্স রাকমান ব্রিকস' নামক ইটভাটা সম্পর্কে পরস্পর বিরোধী মতামত প্রদান করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে সঠিক সিদ্ধান্ত গ্রহণে বিভ্রান্ত করেছেন এবং প্রকারান্তরে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন;

যেহেতু, একজন সরকারী কর্মচারী হিসেবে তার এহেন কার্যকলাপ সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য আইন-কানুন ও বিধি-বিধানের সম্পূর্ণ পরিপন্থী;

এবং যেহেতু পরিবেশ অধিদপ্তরের প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহের প্রাথমিক সত্যতা পাওয়া গিয়েছে;

সেহেতু, অভিযোগের মাত্রা ও প্রকৃতি বিবেচনায় জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পরিদর্শক, পরিবেশ অধিদপ্তর, রাঙ্গামাটি জেলা কার্যালয়, রাঙ্গামাটি কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯ ধারা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-১২ অনুযায়ী ২০.০৪.২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

CamScanner

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

২০/৪/২৫
ড. মোঃ কামরুজ্জামান, এনডিসি
মহাপরিচালক
ফোন: ২২২২১৮৫০০
ইমেইল: dg@doe.gov.bd

০৭ বৈশাখ ১৪৩২
নং-২২.০২.০০০০.০০৭.২৭.০০৩.২৫-২৮৬/২ তারিখ -------------------
২০ এপ্রিল ২০২৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়, চট্টগ্রাম
২। পরিচালক (আইটি), পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
৪। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.........................
৫। সহকারী পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, রাঙ্গামাটি জেলা কার্যালয়, রাঙ্গামাটি
৬। জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পরিদর্শক, পরিবেশ অধিদপ্তর, রাঙ্গামাটি জেলা কার্যালয়, রাঙ্গামাটি
৭। অফিস কপি

CamScanner